দৈনিক বাংলা

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 10 JUL 1988
পৃষ্ঠা 5 কলাম 7

23

# বাংলাদেশ সার্ভে ইন্সটিটিউটের পরীক্ষা

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড সকল ডিপ্লোমা ইনস্টিটিউটের সেশন জট কাটিয়ে উঠার জন্য নির্দিষ্ট সময়ের পূর্বেই কোর্স সমাপন করে পরীক্ষা নেওয়ার জন্য শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে তাকিদ দিয়ে থাকে কিন্তু আমরা বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউটের সার্ভেয়িং টেকনোলজী কোর্সের ৩য় বর্ষের ১ম পর্বের পরীক্ষার্থী ছাত্ররা আজ থেকে তিন মাস পূর্বে কোর্স শেষ করেও পরীক্ষার তারিখ পাচ্ছি না।

অথচ অন্যান্য ডিপ্লোমা কোর্স আরম্ভ হওয়ার পর পরই পরীক্ষার তারিখ ঘোষণা করা হয় এবং রেডিও টিভি ও পত্রপত্রিকার মাধ্যমে প্রকাশ করা হয়।

আজ আমরা যারা ৩য় বর্ষের প্রথম পর্বের পরীক্ষার অপেক্ষায় আছি তারা ১৯৮৩ ইং সনের জুলাই মাসে তিন বৎসর মেয়াদী ডিপ্লোমা কোর্সে ভর্তি হয়েছি এবং এ বৎসরই আগস্ট মাসে আমাদের ক্লাশ আরম্ভ হয়েছে। কিন্তু দুঃখজনক হলেও সত্য যে তিন বৎসরের কোর্সে ছয় বৎসর অতিবাহিত হওয়ার পরও আজ পর্যন্ত আমরা ৩য় বর্ষ ১ম পর্ব পরীক্ষা দিতে পারিনি।

প্রসঙ্গত উল্লেখ্য যে এ ইনস্টিটিউটের অধ্যক্ষের সঙ্গে যোগাযোগ করলে তিনি জানিয়েছেন বোর্ডের বিধি মোতাবেক কোর্স শেষ হওয়ার আড়াই মাস পূর্বে পরীক্ষানুষ্ঠানের ব্যবস্থা গ্রহণের জন্য বোর্ডকে জানান হয়েছে। কিন্তু এখনো পর্যন্ত কেন পরীক্ষা অনুষ্ঠানের ব্যবস্থা করা হচ্ছে না তা আমাদের বোধগম্য নয়।

যা হোক এ ব্যাপারে আমরা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি কামনা করছি এবং অবিলম্বে পরীক্ষা অনুষ্ঠানের ব্যবস্থা করার জন্য আবেদন জানাচ্ছি।

—মোঃ তাহের উদ্দিন
৩য় বর্ষ (১ম পর্ব)
বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট
কুমিল্লা।